



কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কো:পৌ/সংস্থাপন ও অর্থ/২০১৮/৪৬২

তারিখ: ২৬/০৪/২০১৮

প্রজ্ঞাপন


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা-১২২, ধারা- ৫৬(১) এর উপ-আইন মোতাবেক পৌর পরিষদের ১৬/০৪/২০১৮ ইং তারিখের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো :

সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মো: আশরাফ উজ্জামান	কাউন্সিলর, ওয়ার্ড নং-৫	সভাপতি
০২	জনাব মো: কামাল হোসেন শেখ	মেয়র	সদস্য
০৩	জনাব বুবিয়া বেগম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড -১	সদস্য
০৪	জনাব রাবেয়া বেগম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩	সদস্য
০৫	জনাব নাসির উদ্দিন সরদার	কাউন্সিলর, ওয়ার্ড নং-২	সদস্য

কমিটির কার্যপরিধিঃ

- ১। পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা;
- ২। যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা ;
- ৩। বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা / কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;
- ৪। কর্মকর্তা কর্মচারীদের কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;
- ৫। কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৬। আয়ের সঙ্গে ব্যয়ের সম্মতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;
- ৭। রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ করা;
- ৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তুত করা;
- ৯। সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) চালু করনের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;
- ১০। সরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়-দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা ;
- ১১। পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত রিবিউ করার ব্যবস্থা করা ;
- ১২। নূতন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা ;
- ১৩। পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা ।


(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র

কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।


তারিখ :

স্মারক নং :- কো:পৌ/স্থায়ী কমিটি/UGHP-III/২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। প্রকল্প পরিচালক, UGHP- UGHP-III ঢাকা।
- ২। উপ পরিচালক, RMSU, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৩। প্রাপকঃ জনাব

সদস্য, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি,
কোটালীপাড়া পৌরসভা।


(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।